

ঢাবিতে জাবি ভিসির কুশপুত্তলিকা দাহ

১৮ সেপ্টেম্বর ২০১৯ ০১:৪৪

আপডেট: ১৮ সেপ্টেম্বর ২০১৯ ০১:৪৪

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন প্রকল্পে দুর্নীতি ও

কমিশন কেলেঙ্কারিতে জড়িত থাকার অভিযোগ এনে উপাচার্য অধ্যাপক ফারজানা ইসলামের কুশপুত্তলিকা দাহ করেছে মুক্তিযুদ্ধ মঞ্চ। গতকাল বিকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাজু ভাস্কর্যের পাদদেশে এ কুশপুত্তলিকা দাহ করা হয়।

মুক্তিযুদ্ধ মঞ্চের আহ্বায়ক আ ক জামাল উদ্দীন বলেন, ছাত্রলীগকে নিয়ে নানা ষড়যন্ত্র চলছে। এরই অংশ হিসেবে একটি চক্র ছাত্রলীগের সভাপতি শোভন ও সাধারণ সম্পাদক রাব্বানীর সঙ্গে অন্যায় করেছে। ভিসি আসল নাটের গুরু। ২৪ ঘণ্টার মধ্যে ওই বিএনপি-জামায়াত সমর্থক ভিসি ফারজানা ইসলামকে অপসারণ করতে হবে।

সংগঠনটির ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি আমিনুল ইসলাম বুলবুল বলেন, এই ভিসি অপপ্রচারের মাধ্যমে মুক্তিযুদ্ধের ইতিহাসকে বিকৃতি করেছে, ছাত্রলীগকে কলঙ্কিত করেছে। শোভন-রাব্বানীর জন্য হাজার হাজার নেতাকর্মী জীবন দিতে প্রস্তুত। দুর্নীতিবাজ জাবি ভিসি পরিকল্পিতভাবে তাদের বলির পাঁঠা বানিয়েছেন।

advertisement